"তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন" শীর্ষক প্রকল্প



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৫৫০০৬৮৪৮, ফ্যাক্স: ৮৮০-২-৯১২৪৬২৬, ই-মেইল: bcc@bcc.gov.bd Web: www.bcc.gov.bd

তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভোলপমেন্টাল ডিজঅর্ডারসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন"

(Empowerment of Persons with Disabilities including NDD through ICT)

প্রকল্পের মেয়াদ : জুলাই ২০১৭- জুন ২০২০ সাল পর্যন্ত মোট বরাদ্দ : ২৪৮৬.৮৮ লক্ষ (সম্পূর্ণ জিওবি)

২০১৭-২০১৮ **অর্থ-বছরে বরাদ্দ** : ৮৯৬.০০ লক্ষ [রাজস্ব-১৮৫.০০ লক্ষ এবং মূলধন-৭১১.০০ লক্ষ] ২০১৮-২০১৯ **অর্থ-বছরে বরাদ্দ** : ৮০০.০৯ লক্ষ [রাজস্ব-৪৬৬.৭৩ লক্ষ এবং মূলধন-৩৩৩.৭২ লক্ষ]

প্রকল্পের সামষ্টিক উদ্দেশ্যঃ

তথ্য প্রযুক্তির মাধ্যমে প্রতিবন্ধী জনগোষ্ঠিকে দক্ষ জনশক্তি হিসেবে তৈরী করা, তাদের কর্মসংস্থানের সহায়তা করা এবং ভিশন ২০২১ ও টেকসই উন্নয়নে তাদেরকে অংশগ্রহণকারী নাগরিক হিসেবে গড়ে তোলা। দেশের সামগ্রিক উন্নয়নে পিছিয়ে পড়া এ জনগোষ্ঠিকে উন্নয়নের মূলধারায় সম্পক্ত করা।

প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহঃ

- নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কন্ঠ এবং ইশারা ভাষার নির্দেশনা সহ
 আইসিটি প্রশিক্ষণ এর জন্য বিশেষায়িত অডিও এবং ভিডিও টিউটোরিয়াল তৈরী:
- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষায়িত এবং অভিগম্য একটি জাতীয় ই-লার্নিং প্লাটফর্ম তৈরী করা, যেখানে আইসিটি
 প্রশিক্ষণ এর জন্য কন্ঠ এবং ইশারা ভাষা সহ অডিও-ভিডিও টিউটোরিয়াল থাকবে, চাকুরীদাত ও গ্রহীতাদের জন্য
 একটি জব পোর্টাল অর্ন্তভুক্ত থাকবে। প্লাটফর্মটির কিছু লিংক ব্যবহার করার জন্য একটি মোবাইল এ্যাপস তৈরী;
- বিসিসির ৭টি আঞ্চলিক কার্যালয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানে সহায়তা করার জন্য ৭টি রিসোর্স সেন্টার প্রতিষ্ঠা করা হবে। রিসোর্স সেন্টারের মাধ্যমে ২৮০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান করা হবে। যার মধ্যে ১৪০জন মাষ্টার ট্রেইনার ও ২৮০জন এনডিডি ব্যক্তিকে প্রশিক্ষণ দেয়া হবে। এছাড়াও দেশের ৭০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অধীনে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ২১০জন হেলথ এগ্রলাইড প্রফেশনাল, ৩৫০জন কমিউনিটি ডেভোলপমেন্ট এক্সপার্ট ও ৭০০জন শিক্ষককে ডিজ্যাবিলিটি ওরিয়েন্টেশন প্রশিক্ষণ দেয়া হবে।
- প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ প্রাপ্ত ৮০ ভাগ প্রতিবন্ধী ব্যক্তিকে আইটি এবং অন্যান্য সেক্টরে চাকুরী দেয়া এবং ফ্রিল্যান্সার হিসেবে আউটসোর্সিং কাজে প্রশিক্ষণ সহায়তা দেয়া হবে।
- প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটিকে জনপ্রিয় করার জন্য সারাদেশে ব্যপকভিত্তিক প্রচার-প্রচারণার ব্যবস্থা করা
 হবে;